দৈনিক
ইত্তেফাক

তারিখ: 27 JUN 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ৬

# উপবৃত্তির টাকা বিতরণে অনিয়ম

আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা

আগৈলঝাড়ায় মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও বিদ্যালয়ের শিক্ষক-ম্যানেজিং কমিটির উপস্থিতিতে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা বিতরণে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে চরম ক্ষোভ দেখা দিয়েছে।

উপজেলার রাজিহার ইউনিয়নের বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, ওই বিদ্যালয়ের ২৬৬ জন ও নিশিকান্ত গাইন বালিকা মাধ্যমিক বিদ্যালয় অ্যান্ড কলেজের ২৮০ জন শিক্ষার্থীকে মঙ্গলবার উপবৃত্তির টাকা প্রদান করা হয়। বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণিতে ৬২০ টাকা, ৭ম ও ৮ম শ্রেণিতে ৭৭০ টাকা এবং ৯ম ও ১০ম শ্রেণিতে ১০২০ টাকা করে দেওয়ার কথা থাকলেও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. নজরুল ইসলামের উপস্থিতিতে বিভিন্ন ফির নামে ও কর্মকর্তাদের আপ্যায়ন খরচ বাবদ উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের কাছ থেকে বিনা রসিদে ১২০ থেকে ৪৫০ টাকা আদায় করা হয়েছে।

বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলিন বিহারী মল্লিক বিনা রসিদে টাকা নেওয়ার সত্যতা স্বীকার করলেও কোন কারণে নেওয়া হচ্ছে তার কোনো সদুত্তর দিতে পারেননি।

নিশিকান্ত গাইন বালিকা মাধ্যমিক বিদ্যালয় অ্যান্ড কলেজের অধ্যক্ষ রণজিৎ কুমার মধু বলেন, আমি অফিসের কাজে বাইরে ছিলাম। দায়িত্বে ছিলেন সন্ধ্যা রানী ভক্ত। বিনা রসিদে টাকা নেওয়া হলে সেটা অন্যায়। যদি নেওয়া হয়ে থাকে অবশ্যই ওই শিক্ষার্থীদের অনতিবিলম্বে রসিদ দেওয়ার ব্যবস্থা করবেন তিনি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. নজরুল ইসলাম জানান, টাকা রাখার কোনো সরকারি নিয়ম নেই। তবে টাকা রাখলে এটা স্কুলের ব্যাপার।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দেবী চন্দ জানান, এ ধরনের ঘটনা সম্পূর্ণ বেআইনি ও অপরাধমূলক। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলেও জানান তিনি।